



নির্বাচন অগ্রাধিকার
অজীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নম্বর- ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৫.২৫-১৮৩

তারিখ: ২৫ মাঘ ১৪৩২
০৮ ফেব্রুয়ারি ২০২৬

বিষয়: আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন এবং গণভোট উপলক্ষ্যে আইন-শৃঙ্খলা ও অপতথ্য মনিটরিং সেল গঠনের নিমিত্ত বিভিন্ন মন্ত্রণালয়/বাহিনী/দপ্তর থেকে কর্মকর্তাবৃন্দের সংযুক্তি প্রদান প্রসঙ্গে।


আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন এবং গণভোট আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচন সুষ্ঠু, অবাধ ও উৎসবমুখর করে আয়োজনের লক্ষ্যে মাননীয় নির্বাচন কমিশন প্রতিজ্ঞাবদ্ধ। এর পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট বাহিনীসমূহ দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে কাজ করে যাচ্ছে। উল্লেখ্য, জাতীয় নির্বাচনকে কেন্দ্র করে দেশের সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি পর্যবেক্ষণ ও সমন্বয়ের লক্ষ্যে মাননীয় নির্বাচন কমিশন কর্তৃক ইতোমধ্যে “আইন-শৃঙ্খলা ও অপতথ্য মনিটরিং সেল” গঠন করা হয়েছে।

২। আইন-শৃঙ্খলা ও অপতথ্য মনিটরিং সেল আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন এবং গণভোট নির্বাচনে সমগ্র দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতি পর্যবেক্ষণের কেন্দ্রবিন্দু। উক্ত সেল এ ইতোমধ্যে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/বাহিনী/সংস্থা হতে একজন করে প্রতিনিধি দায়িত্বপালন করছেন। পক্ষান্তরে, সেলের কর্মপরিধি ব্যাপক ও অত্যন্ত পরিশ্রমসাধ্য হওয়ায় সেল পরিচালনার জন্য অতিরিক্ত কর্মকর্তা প্রয়োজন। উক্ত কার্যক্রম সুষ্ঠু ও সুচারুরূপে পরিচালনার জন্য নিম্নোক্ত বিভাগ/বাহিনী হতে উপযুক্ত প্রতিনিধি আগামী ০৮ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের মধ্যে মাননীয় নির্বাচন কমিশন এর অধীনে গঠিত আইন-শৃঙ্খলা ও অপতথ্য মনিটরিং সেলে সংযুক্ত করা প্রয়োজন।

| ক্রঃ নং | মন্ত্রণালয়/বাহিনী/দপ্তর | সংখ্যা | মন্তব্য |
|---------|--------------------------|--------|--|
| ১। | ICT Division | ০১ জন | উপ-সচিব/মেজর/পুলিশ সুপার সমমর্যাদার |
| ২। | বিজিবি | ০১ জন | |
| ৩। | কোষ্ট গার্ড | ০১ জন | |
| ৪। | পুলিশ | ০৪ জন | |
| ৫। | র‍্যাব | ০১ জন | |
| ৬। | আনসার ও ভিডিপি | ০২ জন | |

৩। উল্লেখ্য যে, প্রেরিত কর্মকর্তাদের নিজ নিজ বাহিনীর সংগঠন, চেইন অব কমান্ড, মোতায়েনের তথ্য ইত্যাদি বিষয়ে জ্ঞান সম্পন্ন, সদর দপ্তর থেকে মাঠপর্যায়ে মোতায়েনকৃত সকল প্রতিনিধির সাথে যোগাযোগ স্থাপন ও দক্ষতার সাথে তথ্য আদান প্রদানে সক্ষমতা সম্পন্ন হওয়া প্রয়োজন।

৪। এমতাবস্থায়, বর্ণিত কর্মকর্তাদের আগামী ০৮ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে আইন-শৃঙ্খলা ও অপতথ্য মনিটরিং সেলে উপস্থিত থাকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ শহিদুল ইসলাম)

সিনিয়র সহকারী সচিব

নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১ শাখা

ফোন: ০২-৫৫০০৭৬১০ (অফিস)

Email: sasemc1@gmail.com

১। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২। মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ

৩। মহাপরিচালক, বিজিবি/কোস্টগার্ড/আনসার ও ভিডিপি/র‍্যাব, ঢাকা

অফিসের ঠিকানাঃ

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫


ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

নম্বর- ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৫.২৫-১৮৩

তারিখ: ২৫ মাঘ ১৪৩২
০৮ ফেব্রুয়ারি ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা
৩. সিনিয়র সচিব/সচিব, মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৪. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৫. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৬. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৭. বিভাগীয় কমিশনার (সকল)
৮. উপমহাপুলিশ পরিদর্শক, (সকল রেঞ্জ)
৯. প্রকল্প পরিচালক, আইডিইএ (২য় পর্যায়) প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১২. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা (সকল)
১৩. জেলা প্রশাসক (সকল)
১৪. পুলিশ সুপার (সকল)
১৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]
১৬. উপসচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সকল)
১৭. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, (সকল)
১৮. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করার অনুরোধসহ]
১৯. উপজেলা নির্বাহী অফিসার (সকল)
২০. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২১. মাননীয় নির্বাচন কমিশনার জনাব এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২২. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৩. উপজেলা/থানা নির্বাচন অফিসার (সকল)
২৪. অফিসার ইন-চার্জ, (সকল)


০৬/০২/২০২৬
(মোঃ শহিদুল ইসলাম)

সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১ শাখা